

তানভিরের সাহায্যে কমিটি গঠন

ফারাহ আহমেদ

তানভিরের নিয়মিত আপডেট খবর দেয়া হবে ওয়েব সাইটগুলোতে। আগামী আপডেট খবরে তহবিলের বিস্তারিত হিসাব দেয়া হবে। আপনারা যে কোন সাহায্য জমা দিলে অনুগ্রহ করে কমিটিকে টেলিফোনে বা kaiserahmed@optusnet.com.au আরো তথ্যের জন্যে যোগাযোগের জন্য নিচে কমিটি সদস্যদের টেলিফোন নং দেয়া হলোঃ

গামা আব্দুল কাদির	(০২) ৯৩১৭ ৫১৩৯ অথবা ০৪০২ ০৫৫ ৪৪৪
কায়সার আহমেদ	(০২) ৯৬৬৭ ২৯৭৯ অথবা ০৪০৩ ৪৩৪ ১৬৯
মিজানুর রহমান (মামুন)	(০২) ৮৩৩৮ ৯৩৪১ অথবা ০৪২৫ ৩৩২ ৭৬৫
একেএম শামসুজ্জামান	(০২) ৯৩৪১ ৫৪৩১ অথবা ০৪২২ ৮৪৭ ৮৮১
মোঃ বেলায়েত হোসেন	০৪০৩ ৪৯১ ৮০৫
আকিদুল ইসলাম	(০২) ৯৯৩৯ ০১৪৬

Account: Kaiser Ahmed, A/C No. 732-035 554656
Westpac Bank, Mascot Central, NSW



প্রিন্স অফ ওয়েলস হাসপাতালে তানভির

বাংলাদেশ কালচারাল স্কুলের প্রিন্সিপাল খালেদা কায়সারের উদ্যোগে ও বাসভূমির প্রতিনিধির মানবিক আবেদনে সাড়া দিয়ে এগিয়ে এসেছেন সিডনি প্রবাসী বাংলাদেশীরা। তানভিরের সাহায্যে অস্ট্রেলিয়ার বিভিন্ন জায়গা থেকে হাত বাড়িয়ে মুক্তহস্তে অর্থ সাহায্য পাঠাচ্ছেন সকলে। ক্যানবেরাতেও সাহায্য সংগ্রহে নেমেছেন বাসভূমির ক্যানবেরা প্রতিনিধি এনামুল ভূইয়া মুকুল। এমতাবস্থায় তানভিরের সাহায্যের জন্য একটি অর্থ তহবিল গঠন ও তা পরিচালনার জন্য এক কমিটি গঠন করা হয়েছে।

২৭ অক্টোবর বৃহস্পতিবার বাংলাদেশ কমিউনিটির অনেকেই মিলিত হয়েছিলেন বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার সভাপতি একেএম শামসুজ্জামান এর বাসায়। সভায় তানভিরের সাহায্যার্থে একটি অর্থ তহবিল গঠন ও তা পরিচালনার জন্য কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যরা হলেন : গামা আব্দুল কাদির (পরিচালক-বাংলাদেশ কালচারাল স্কুল), খালেদা কায়সার (প্রিন্সিপাল-বাংলাদেশ কালচারাল স্কুল), মিজানুর রহমান মামুন (সমাজ কর্মী), একেএম শামসুজ্জামান (সভাপতি-বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া), পি.এস.চুন্নু (সম্পাদক, সোনার বাংলা), আকিদুল ইসলাম (সম্পাদক, বাসভূমি), এনামুল ভূইয়া মুকুল (বাসভূমি ক্যানবেরা প্রতিনিধি), মোঃ বেলায়েত হোসেন (সমাজ কর্মী), জিয়াউল হাসান (সমাজ কর্মী) ও কায়সার আহমেদ।

এছাড়া যারা এ পর্যন্ত তহবিলে অনুদান দিয়েছেন বা দিবেন, তাদের সবাই এই কমিটির সদস্য হিসেবে পরিগণিত হবেন। কমিটির কলেবর আরো বৃদ্ধি করা হবে এবং আগ্রহী সবাইকে যোগাযোগের জন্য অনুরোধ করা হচ্ছে। কমিটির সদস্য সচিব হিসেবে আপাততঃ কাজ করবেন খালেদা কায়সার।

প্রাথমিকভাবে তানভিরের পিতা-মাতা ও ভাইকে বাংলাদেশ থেকে অস্ট্রেলিয়া আসা যাওয়ার বিমান টিকেট, তাদের সিডনিতে থাকা খাওয়ার ব্যবস্থা সহ অসুস্থ তানভিরের দৈনন্দিন খরচের সহায়তা করা হবে গঠিত তহবিল থেকে ।

এ পর্যন্ত জানা অজানা অনেকেই তহবিলে অর্থ জমা দিয়েছেন । এর মধ্যে সাংগঠনিক ভাবে মাইনোরিটি ফোরাম ও বাংলাদেশ কালচারাল স্কুল ও মাসকট মাসালা ও নর্থ সিডনির মুসলিরা অন্যতম । এছাড়াও ব্যক্তিগত অনুদান দিয়েছেন মিসেস ডলি, বিরুপাক্ষ পাল, ডঃ শামিমা জাহান, আলী আজফার, ডঃ কাইউম পারভেজ, কামরুল খান, আনিসুল আফসার, গামা আব্দুল কাদির, একেএম শামসুজ্জামান, মিসেস খালেদা কায়সার, সবুজ কে আইচ,বেলাল হোসেন ঢালী, ইয়াসমিন হাসান ও নাম না জানা আরো অনেকে । অর্থ সংগ্রহে মিসেস মামুনের অবদান অবিস্মরণীয়, মিসেস মামুন ও তার স্বামী স্থান কাল পাত্র ভুলে যেখানেই যাচ্ছেন তুলে ধরছেন তানভিরের কথা, কোন দ্বিধাদন্দ তাদেরকে আটকাচ্ছে না ।

রুমকি মাটির ব্যংকে তার জমানো বিশ সেন্টের কয়েনগুলো একটি পাস্টিকের ব্যাগে দিয়ে গেল তানভিরের জন্য । মোট ৫৭ ডলার । সে এখানে এসেছে ছাত্রী হিসেবে । এমনিতেই হিমসিম খাচ্ছে পড়ার টিউশন ফি যোগাতে, তারপরও সহপাঠির পাশে দাঁড়াতে দ্বিধা করেনি । জমানো পয়সা থেকে পঞ্চাশ ডলার দিয়ে গেল বেলায়েত হোসেনের মেয়ে নাবিলা ।

একটি বিশেষ অনুরোধ : অনেকেই তাদের সংগৃহীত অর্থ সাহায্য সরাসরি অসুস্থ তানভিরের সাথে দেখা করে হাসপাতালে দিয়ে এসেছেন । তানভির বর্তমানে ডিপ্রেশনেও ভুগছে । এমতাবস্থায় তার পক্ষে হাসপাতালে অর্থের রক্ষণাবেক্ষণ সম্ভব নয় । তার নিকটে বেশ কয়েকজন সংগৃহীত একগুচ্ছ কয়েন সহ সাহায্য দিয়ে এসেছেন । তাছাড়া সে এবিষয়ে বেশ লজ্জিত বোধ করছে । সবার নিকট অনুরোধ আপনারা কমিটির যে কারো সাথে যোগাযোগ করুন ।